


প্রেস রিলিজ

০৬ ডিসেম্বর, ২০২০

কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতি ভাঙচুরের ঘটনায় বাউবি উপাচার্যের গভীর উদ্বেগ ও নিন্দা

রাতের আঁধারে ঘণ্য কুচক্রীমহল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জ্ঞাপন করেন। এক বিবৃতিতে উপাচার্য বলেন, বাঙালি জাতির স্বাধীনতার ছপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য ভাঙ্গার মত ধৃষ্টতা যারা দেখিয়েছে, তারা আমাদের মহান স্বাধীনতার শত্রু। জাতির পিতার প্রতি অবমাননা আমাদের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশের অস্তিত্বের বিরোধিতা।

উপাচার্য আরও বলেন, একটি মহল বিশেষ হঠাৎ করে বঙ্গবন্ধুর ভাস্কর্য নির্মাণ ইস্যু নিয়ে যে অস্থিরতা সৃষ্টির অপপ্রয়াস চালিয়েছে তাদের অবিলম্বে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া প্রয়োজন। উপাচার্য ও বিশ্ববিদ্যালয় পরিবারে সকল সদস্য এই ঘণ্য কর্মকাণ্ডের তীব্র নিন্দা ও দৃষ্টান্তমূলক শাস্তিদানের লক্ষ্যে ঘটনার সঙ্গে সংশ্লিষ্টদের ও এর মদতদাতাদের আইনানুগ শাস্তি প্রদানের দাবী জানাচ্ছে।



(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক
